# অধ্যায়-০৪: যৌথ মূলধনী কোম্পানির মূলধন

১। লিপিকা এন্ড কোং লি. প্রতিটি শেয়ার ১০০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ারে নিবন্ধিত। কোম্পানি ১০ % অবহারে ৩,০০০ শেয়ার জনসাধারণের মধ্যে বিক্রয়ের জন্য প্রচারপত্র ইস্যু করে। কোম্পানি ৩,৫০০ শেয়ারের জন্য আবেদন পায়। নির্ধারিত সংখ্যক শেয়ার যথারীতি বিলি করা হয় এবং অতিরিক্ত আবেদদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের মধ্যে ফেরত দেওয়া হয়। [ঢা.বো. য.বো. সি.বো. দি.বো. ২০১৮]

ক. শেয়ার ইস্যু সংক্রান্ত জাবেদা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই।)

খ. কোম্পানির হিসাব বহিতে ব্যাংক হিসাব ও শেয়ার অবহার হিসাব প্রস্তুত কর।

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

উত্তর: (ক) জাবেদার যোগফল ৬,৬০,০০০ টাকা; (খ) ব্যাংক হিসাবের উদ্বৃত্ত ২,৭০,০০০ টাকা; শেয়ার অবহার হিসাবের উদ্বৃত্ত ৩০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,০০,০০০ টাকা।

২। আশরাফ কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যে ৮,০০,০০০ শেয়ারে বিভক্ত ৮০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি উহার ৬,০০,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রির উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করল, কোম্পানি মোট ৭,০০,০০০ শেয়ারের জন্য আবেদন পেল। অতিরিক্ত আবেদনের অথ্য ফেরত দেওয়া হলো। শেয়ার প্রতি ০.১০ টাকা অবলেখকের কমিশন ও ০.০৬ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো। [রা.বো. কু.বো. চ.বো. ব.বো. ২০১৮]

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের মোট পরিমাণ নির্ণয় কর।

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দেখাও।

গ. ব্যাংক জমা ৬৫,০৪,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর: (ক) অবলেখকের কমিশন ৬০,০০০ টাকা ও ব্যাংক চার্জ ৩৬,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৬৬,০০,০০০ টাকা।

৩। স্বাতী লিঃ প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের ১০,০০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয় যা ১০,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানির পরিচালনা পর্ষদ সকল শেয়ার ১০% অধিহারে আই.পি.ও আহ্বান করে। ইস্যুকৃত সকল শেয়ারের আবেদন পাওয়া যায় এবং সকল শেয়ার যথারীতি বন্টিত হয়। শেয়ার ইস্যু প্রক্রিয়ায় আইনগত সেবা প্রদানের জন্য এটর্নিকে ফি বাবদ ২,০০,০০০ টাকা পরিশোধ করা হয় এবং শেয়ার মূলধন আদায়ের জন্য ব্যাংককে শেয়ার প্রতি ০.৫০ টাকা কমিশন প্রদান করা হয়। [ঢা.বো. ২০১৭]

<u>করণীয়</u> ঃ- (ক) কোম্পানির শেয়ার অধিহার এবং ব্যাংক কমিশনের পরিমাণ নির্ণয় কর।

(খ) স্বাতী লিঃ এর বইতে শেয়ার ইস্যু সংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।

(গ) কোম্পানির বইতে স্থিতিপত্র তৈরি কর।

উত্তর: (ক) শেয়ার অধিহারের পরিমাণ ১,০০,০০,০০০ টাকা এবং ব্যাংক কমিশনের পরিমাণ ৫,০০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ২২,০৭,০০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১১,০০,০০,০০০ টাকা।

৪। চৌধুরী সিরামিক লিঃ ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত ২,০০,০০০ টাকার অনুমোদিত মূরধনে নিবন্ধিত। কোম্পানি ১৫,০০০ শেয়ার বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি জারি করে। মোট ১৭,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। অতিরিক্ত অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয়া হয় এবং ১৫,০০০ শেয়ার বন্টন করা হয়। কোম্পানী শেয়ার প্রতি ০.৭৫ টাকা অবলেখককে কমিশন বাবদ প্রদান করে। [রা.বো. ২০১৭]

<u>করণীয়</u> ঃ- (ক) কোম্পানীর অবিলিকৃত মূলধনের পরিমাণ নির্ণয় কর।

(খ) কোম্পানীর বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই)

(গ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর: (ক) অবিলিকৃত মূলধন ৫০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৩,৫১,২৫০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৫০,০০০ টাকা।

৫। ঝর্ণা লিমিটেড প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২০,০০,০০০ টাকার মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৭০% শেয়ার জনসাধারণের নিকট বিক্রির উদ্দেশ্যে ইস্যু করে। জনসাধারণ ১২০% শেয়ারের আবেদন করে। কোম্পানি ১০০% শেয়ার জনসাধারণের নিকট বিলি করে। কোম্পানি তার অবলেখক সামস এন্ড কোং কে ২% কমিশন প্রদান করে। [চ.বো. ২০১৭]

<u>করণীয়</u> ঃ- (ক) আবেদনকৃত শেয়ারের সংখ্যা ও বিলিকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় কর।

(খ) উপর্যুক্ত লেনদেন গুলো জাবেদাভুক্ত কর।

(গ) আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

উত্তর: (ক) আবেদনকৃত শেয়ারের সংখ্যা ১,৬৮,০০০ শেয়ার ও বিলিকৃত শেয়ারের সংখ্যা ১,৪০,০০০ শেয়ার; (খ) জাবেদার যোগফল ৩৩,৮৮,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৪,০০,০০০ টাকা।

৬। অহিদুল কোম্পানি লিঃ প্রতি শেয়ার ১০ টাকা করে ৫০,০০০ শেয়ারে বিভক্ত সর্বোমোট ৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত। কোম্পানি ৩০,০০০ শেয়ার প্রতিটি ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। কোম্পানি ৩৫,০০০ শেয়ারের আবেদন পেল। ৩০,০০০ শেয়ার যথারীতি আবন্টিত হল। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হল। [কু.বো. ২০১৭]

<u>করণীয়</u> ঃ- (ক) শেয়ার অধিহারের টাকার পরিমাণ নির্ণয় কর।

(খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।

(গ) কোম্পানির আর্থিক অবস্থার একটি বিবরণী তৈরি কর।

উত্তর: (ক) শেয়ার অধিহারের পরিমাণ ৩০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৭,৭০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৩০,০০০ টাকা।

৭। হিরন কোম্পানি লিমিটেড প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যে ১০,০০০ শেয়ার বিভক্ত ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি প্রতি শেয়ার ১৫% অধিহারে ৮,০০০ শেয়ার বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ৯,০০০ শেয়ারের আবেদন পায় এবং অতিরিক্ত আবেদনের টাকা আবেদনকারীকে ফেরত দেয়। [সি.বো. ২০১৭]

করণীয় ঃ- (ক) শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর।

(খ) প্রয়োজনীয় জাবেদা দাও।

(গ) ব্যাংক উদ্বৃত্ত ৯,২০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

উত্তর: (ক) শেয়ার অধিহারের পরিমাণ ১,২০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ২০,৭০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৯,২০,০০০ টাকা।

৮। কাবেরী লি. প্রতি শেয়ার ২০ টাকা মূল্যার ২,০০,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানীর পরিচালনা পর্ষদ ৮০% শেয়ার ১০% অধিহারে জন সাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্য আই.পি.ও আহ্বান করে। সর্বমোট ১,৭৫,০০,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া যায়। ইস্যুকৃত সকল শেয়ার যথারীতি বন্টিত হয় এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেয়া হয়। শেয়ার ইস্যু প্রক্রিয়ায় সেবা প্রদানের জন্য আইন উপদেষ্টাকে ফি বাবদ ১,০০,০০০ টাকা নগদ পরিশোধ করা হয়। শেয়ার মূলধন আদায়ের জন্য ব্যাংকে সংগৃহীত অর্থের উপর ১% হারে কমিশন পায়। [ব.বো. ২০১৭]

করণীয় ঃ- (ক) শেয়ার অধিহার ও ব্যাংক কমিশনের পরিমাণ নির্ণয় কর।

(খ) কোম্পানির বইতে শেয়ার ইস্যু সংক্রান্ত জাবেদা দাখিলা দাও।

(গ) কোম্পানীর স্থিতিপত্র তৈরি কর।

উত্তর: (ক) শেয়ার অধিহার ৩,২০,০০,০০০ টাকা এবং ব্যাংক কমিশন ৩৮,৫০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৭৭,৩৯,৫০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩৫,২০,০০,০০০ টাকা।

৯। সেলিম ইস্পাত লিমিটেড প্রতিটি ৫০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ার বিভক্ত ২৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি উহার ৩০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি মোট ৩৮,০০০ শেয়ারের আবেদন পেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবন্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের সমুদয় টাকা ফেরত দেওয়া হল। শেয়ার প্রতি ১ টাকা অবলেখকের কমিশন এবং ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ প্রদান করা হল। ইহা ছাড়া কোম্পানি ৩,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে ইহার মূল্য বাবদ ৩,০০০ শেয়ার প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যে ইস্যু করেন। [দি.বো. ২০১৭]

করণীয় ঃ- (ক) অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর।

(খ) কোম্পানির বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।

(গ) ব্যাংক জমার উদ্বৃত্ত ১৬,০৫,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর: (ক) অবলেখকের কমিশন ৩০,০০০ টাকা এবং ব্যাংক চার্জ ১৫,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৪৫,২৫,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৯,৫০,০০০ টাকা।

১০। জনসন কোং লি. ২০১৬ সালে প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ সাধারণ শেয়ার নিয়ে গঠিত হয়। কোম্পানি ২,০০,০০০ শেয়ার ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য বিজ্ঞাপন প্রচার করে। [য.বো. ২০১৭]

| | | |
|---|---|---|
| ফেব্রু: | ১ | ১২,০০,০০০ টাকা মূল্যের একটি দালান ক্রয় করে এর মূল্য বাবদ কোম্পানি ১,০০,০০০ শেয়ার ইস্যু করে। |
| ” | ১২ | কোম্পানি অবশিষ্ট শেয়ার গুলোর জন্য সর্বমোট ১,২০,০০০ শেয়ারের আবেদন পেল এবং শেয়ার গুলো যথারীতি বণ্টিত হল। |
| ” | ১৭ | অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হল। |

করণীয় ঃ- (ক) দালান ক্রয় বাবদ অধিহারের পরিমাণ নির্ণয় কর।

(খ) কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দেখাও।

(গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

উত্তর: (ক) দালান ক্রয় বাবদ অধিহার ২,০০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৪০,৮০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২৪,০০,০০০ টাকা।

১১। যমুনা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিবন্ধিত হয়। কোম্পানি উহার ১,৫০,০০০ শেয়ার ২০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ৪০% অতিরিক্ত আবেদন পায়। ইস্যুকৃত শেয়ার গুলো যথারীতি আবন্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের সমুদয় টাকা ফেরত প্রদান করা হয়। শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে ব্যাংক কমিশন পরিশোধ করা হয়। [রা.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) অতিরিক্ত আবেদনকৃত শেয়ারের সংখ্যা ও এ বাবদ ফেরত প্রদত্ত টাকার পরিমাণ নির্ণয় কর।

(খ) কোম্পানির হিসাব বইয়ে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।

(গ) কোম্পানির স্থিতিপত্র প্রস্তুত কর।

উত্তর: (ক) অতিরিক্ত আবেদনকৃত শেয়ারের সংখ্যা ৬০,০০০ এবং মূল্য ৭,২০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৫১,১৫,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

১২। বাটা কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা, যাহার প্রতিটি ১০০ টাকা মূল্যের শেয়ার। একটি জমি ক্রয়ের জন্য ১,০০০ শেয়ার ইস্যু করা হয়। ১০% বাট্টায় ৬,৫০০ শেয়ার জনসাধারণের উদ্দেশ্যে ইস্যু করা হয়। ৮,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হয়। [চ.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) শেয়ার বাট্টার পরিমাণ নির্ণয় কর।

(খ) প্রয়োজনীয় জাবেদা লিখ। (ব্যাখার প্রয়োজন নাই)

(গ) কোম্পানি আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর: (ক) শেয়ার বাট্টার পরিমাণ ৬৫,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১৫,০৫,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৭,৫০,০০০ টাকা।

১৩। জোনাকি লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানি মূলধন সংগ্রহের উদ্দেশ্যে প্রতিটি ১১০ টাকা করে ৪০,০০০ শেয়ার বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করে। সর্বমোট ৪৫,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। ৪০,০০০ শেয়ার যথারীতি বন্টিত হল। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো। শেয়ার প্রতি ০.৮০ টাকা করে অবলেখকের কমিশন এবং ০.৪০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো। [কু.বো. ২০১৬]

করণীয়ঃ-(ক) অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ কত?

(খ) কোম্পানির বইতে জাবেদা দাখিলা দাও।

(গ) কোম্পানির উদ্বর্তপত্র প্রস্তুত কর।

উত্তর: (ক) অবলেখকের কমিশন ৩২,০০০ টাকা এবং ব্যাংক চার্জ ১৬,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৯৯,৪৮,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৪,০০,০০০ টাকা।

১৪। প্রদীপ টিউবস লিমিটেড-এর অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাক। যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% শেয়ার ১০% অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে বাজারে ছাড়ল। কোম্পানি ইস্যুকৃত মূলধনের ১০% অতিরিক্ত আবেদন গ্রহণ করেছিল কিন্তু অতিরিক্ত আবেদনের সম্পূর্ণই আবেদনকারীদের ফেরত দেওয়া হয়। সায়েম এন্টারপ্রাইজ শেয়ার বিক্রির দায়িত্ব গ্রহণ করায় তাদেরকে ইস্যুকৃত শেয়ারের ৫% কমিশন বাবদ শেয়ার দ্বারা পরিশোধ করা হয়। [সি.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) সায়েম এন্টারপ্রাইজ কমিশন বাবদ কত গুলো শেয়ার দেওয়া হয়েছে এবং এর মূল্য কত?

(খ) কোম্পানির হিসাব বহিতে জাবেদা দাখিলা দেখাও।

(গ) ব্যাংক উদ্বৃত্ত ৩৬,০০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

উত্তর: (ক) কশিশন বাবদ প্রদত্ত ২০,০০০ শেয়ার এবং এর মূল্য ২,০০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৮৫,২০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪২,০০,০০০ টাকা।

১৫। নাহিদ লিমিটেড প্রতিটি ৩০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত ৯,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি এর ৯০% শেয়ার ১০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ২৮,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ার গুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো। আরও ৫০০ শেয়ার ১০% অধিহারে ইস্যুর বিনিময়ে একটি কম্পিউটার ক্রয় করা হলো। [ব.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) সংরক্ষিত মূলধনের পরিমাণ নির্ণয় কর।

(খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।

(গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর: (ক) সংরক্ষিত মূলধন ৭৫,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১৮,৬৪,৫০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৯,০৭,৫০০ টাকা।

১৬। শারমিন টেক্সটাইল লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত। ৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জে নিবন্ধিত হয়। কোম্পানি উহা হতে ১০,০০০ শেয়ার ১০% অধিহারে সিয়াম মেশিনারিজ লি. কে ইস্যু করে ১৫টি টেক্সটাইল মেশিন সংগ্রহ করে। অবশিষ্ট শেয়ার হতে ৩০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের জন্য ইস্যু করে। মোট ৩৬,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। কোম্পানি পরিচালনা পর্ষদ ৩০,০০০ শেয়ার যথারীতি বন্টন করে। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয়। জনসাধারণের কাছে ইস্যুকৃত শেয়ারের ওপর অবলেখককে শেয়ার প্রতি ০.৫০ টাকা কমিশন প্রদান করা হয়। [দি.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ও শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর।

(খ) উদ্দীপকের আলোকে প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত কর।

(গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর: (ক) ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ৪০,০০০ এবং শেয়ার অধিহার ৪০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৯,১৭,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,৪০,০০০ টাকা।

১৭। ২০১৫ সালের রুবেল লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ সাধারণ শেয়ারে অনুমোদিত। কোম্পানি ১,৫০,০০০ শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে। শেয়ারগুলো নিম্নোক্তভাবে বিক্রয় করা হয়; [য.বো. ২০১৬]

| | | |
|---|---|---|
| জানু. | ৫ | ৫০,০০০ শেয়ারের (প্রতিটি ২ টাকা অধিহারসহ) বিনিময়ে জমি ক্রয় করা হয়। |
| ” | ১৫ | অবশিষ্ট শেয়ার গুলো ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হয়। |
| ” | ২০ | ১,২০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। |
| ” | ২৫ | অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হয়। |
| ” | ৩১ | শেয়ার বিক্রয়ের জন্য ১০,০০০ টাকা কমিশন প্রদান করা হয়। |

করণীয় ঃ- (ক) মোট শেয়ার অধিহারের পরিমান নির্ণয় কর।

(খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রদান কর।

(গ) ৩১ জানুয়ারি তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর: (ক) শেয়ার অধিহার ৩,০০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৩৪,৯০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

১৮। গোমতি কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি প্রতি শেয়ারে ৫ টাকা অধিহারে ৩,০০,০০০ শেয়ার বিক্রির জন্য ইস্যু করল। ৩,৮০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ৩,০০,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বন্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো। [ঢা.বো. ২০১৫]

করণীয় ঃ- (ক) কোম্পানির ব্যাংক হিসাব প্রস্তুত করো।

(খ) কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।

(গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

উত্তর: (ক) ব্যাংক জমা ৪৫,০০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১,১৪,০০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৫,০০,০০০ টাকা।

১৯। বিক্রমপুর কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ার এবং ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ ১২% অগ্রাধিকারের শেয়ারে নিবন্ধিত। কোম্পানি ১০% অধিহারে ৬০,০০০ সাধারণ শেয়ার এবং ৫% অবহারে ২,৫০,০০০ ১২% অগ্রাধিকার শেয়ার জনসাধরণের মধ্যে বিক্রয়ের জন্য প্রচারপত্র ইস্যু করে। কোম্পানি ৭৫,০০০ সাধারণ শেয়ার এবং ৩,৭৫,০০০ অগ্রাধিকার শেয়ারের জন্য আবেদন পায়। নির্ধারিত সংখ্যক শেয়ার যথারীতি বিলি করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা যথাযথ আবেদনকারীদের মধ্যে ফেরত দেয়া হয়। [রা.বো. ২০১৫]

করণীয় ঃ- (ক) শেয়ার ইস্যু সংক্রান্ত ব্যাংক বহির্ভূত জাবেদা দেখাও।
(খ) কোম্পানির হিসাব বইতে ব্যাংক হিসাব দেখাও।
(গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো।
উত্তর: (খ) ব্যাংক হিসাবের উদ্বৃত্ত ৩০,৩৫,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩১,৬০,০০০ টাকা।

২০। পদ্মা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত ৩,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি ২০,০০০ টি শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। কোম্পানি ২৫,০০০ শেয়ারের আবেদন পেল। ইস্যুকৃত শেয়ার গুলো যথারীতি আবন্টিত হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হলো।
করণীয় ঃ- [চ.বো. ২০১৫]
(ক) শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো।
(খ) জাবেদা দাখিলা দাও।
(গ) পদ্মা লিমিটেড-এর আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো।
উত্তর: (ক) শেয়ার অধিহার ২০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৫,৫০,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,২০,০০০ টাকা।

২১। ডেল্টা ফার্মা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ২০,০০,০০০ টাকা, যা প্রতিটি ২০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% বিক্রয়ের উদ্দেশ্যে ১০% অবহারে (বাট্টায়) বাজারে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চাইতে ১০% অধিক আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদন সম্পূর্ণই প্রত্যাখ্যান করা হয়। [কু.বো. ২০১৫]
করণীয় ঃ- (ক) বাজারে ইস্যুকৃত ও প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা কত?
(খ) কোম্পানির হিসাব বহিতে জাবেদা লিখন দেখাও (ব্যাখার প্রয়োজন নাই)।
(গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।
উত্তর: (ক) ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৮০,০০০ এবং প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা ৮৮,০০০; (খ) জাবেদার যোগফল ৩৩,২৮,০০০; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৬,০০,০০০ টাকা।

২২। ডেলটা ফার্মা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ২০,০০,০০০ টাকা যা প্রতিটি ২০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% বিক্রয়ের উদ্দেশ্যে ১০% অবহারে (বাট্টায়) ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চাইতে ১০% অধিক আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদন সম্পূর্ণই প্রত্যাখ্যান করা হয়। [সি.বো. ২০১৫]
করণীয় ঃ- (ক) বাজারে ইস্যুকৃত শেয়ারের পরিমাণ কত?
(খ) কোম্পানির হিসাব বহিতে জাবেদা লিখন দেখাও (ব্যাখার প্রয়োজন নাই)।
(গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।
উত্তর: (ক) ইস্যুকৃত শেয়ারের পরিমাণ ৮০,০০০ শেয়ার; (খ) জাবেদার যোগফল ৩৩,২৮,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৬,০০,০০০ টাকা।

২৩। আফ্রিদা কোম্পানি লি. প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১,০০,০০০ খানি সাধারণ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। ২০১৪ সালের জানুয়ারি মাসের ১ তারিখে কোম্পানিটি ৫০,০০০ খানি শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রচার করল। জনসাধারণ ৫০,০০০ খানি শেয়ারের জন্য আবেদন করল। সম্পূর্ণ শেয়ার মূল্য আবেদনের সাথেই পরিশোধযোগ্য। [ব.বো. ২০১৫]
করণীয় ঃ- (ক) কোম্পানি সমমূল্যের শেয়ার বিক্রি করলে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।
(খ) কোম্পানিটি ২০% অধিহারে শেয়ার বিলি করলে প্রয়োজনীয় জাবেদা দাখিলা ও ব্যাংক হিসাব তৈরি করো।
(গ) কোম্পানিটি ২০% অবহারে শেয়ার বিলি করলে, প্রয়োজনীয় জাবেদা ও উদ্বৃত্তপত্র তৈরি করো।
উত্তর: (ক) জাবেদার যোগফল ১০,০০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১২,০০,০০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত ৬,০০,০০০ টাকা; (গ) জাবেদার যোগফল ৯,০০,০০০ টাকা, উদ্বৃত্তপত্রের যোগফল ৫,০০,০০০ টাকা।

২৪। আজাদ কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন সহ নিবন্ধিত হলো। কোম্পানি ৯০,০০০ শেয়ার ১০ টাকা অধিহারসহ আবন্টনের উদ্দেশ্যে প্রসপেকটাস প্রকাশ করল। সর্বমোট ৩,০০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি যথারীতি ৯০,০০০ শেয়ার বন্টন করল এবং অতিরিক্ত আবেদনের ২,১০,০০০ শেয়ারের টাকা ফেরত দেয়া হল। শেয়ার ইস্যু সংক্রান্ত খরচ ১০,০০০ টাকা এবং অবলেখকের দস্তুরি ৭,০০০ টাকা চেকের মাধ্যমে প্রদান করা হল। অবলেখকের দস্তুরি বাদে শেয়ার ইস্যু সংক্রান্ত খরচকে কোম্পানি প্রাথমিক খরচাবলি হিসাবে বিবেচনা করতে হবে। [দি.বো. ২০১৫]
করণীয় ঃ- (ক) শেয়ার অধিহারের পরিমাণ কত?
(খ) আজাদ কোম্পানি লিমিটেডের হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
(গ) আজাদ কোম্পানি লিমিটেডের উদ্বৃত্তপত্র তৈরি করো।
উত্তর: (ক) শেয়ার অধিহারের পরিমাণ ৯,০০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১,২০,১৭,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

২৫। ডেল্টা লিমিটেড প্রতিটি ৩৫ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত, ১০,৫০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি-এর ২৬,০০০ শেয়ার ১০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ২৭,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ার গুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হল। [য.বো. ২০১৫]
করণীয় ঃ- (ক) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
(খ) ব্যাংক হিসাব প্রস্তুত করো।
(গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।
উত্তর: (ক) জাবেদার যোগফল ২০,৭৯,০০০ টাকা; (খ) ব্যাংক হিসাবের জের ১০,০১,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১০,০১,০০০ টাকা।

**Reference:**
Various important curriculum books, notebooks and test papers.

# অধ্যায়-০৪: গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি

১। শেয়ার বাট্টা-আর্থিক অবস্থার বিবরণীতে কোথায় অন্তর্ভূক্ত হয় ?
ক. চলতি সম্পদ
খ. সম্ভাব্য দায়
গ. অসমন্বিত ব্যয়✓
ঘ. স্থায়ী সম্পদ

২। কোম্পানির শেয়ার ও ঋণপত্র বিক্রয়ের জন্য যারা দায়িত্ব গ্রহণ করে তাদের কাজকে বলে ?
ক. অবলেখক
খ. অবলেখক✓
গ. অবচয় নির্ধারণ
ঘ. হিসাবরক্ষণ

৩। কোম্পানির শেয়ার ও ঋণপত্র বিক্রয়ের জন্য যারা ক্রয় করতে হয় ?
ক. প্রবর্তক শেয়ার
খ. অগ্রাধিকার শেয়ার
গ. সাধারণ শেয়ার
ঘ. যোগ্যতা সূচক শেয়ার✓

৪। কোম্পানির জীবনকালে একবার অনুষ্ঠিত সভাকে কী বলে ?
ক. সাধারণ সভা
খ. বার্ষিক সাধারণ সভা
গ. উদ্বোধনী সভা
ঘ. বিধিবদ্ধ সভা✓

৫। বিলম্বিত দাবিযুক্ত শেয়ার সাধারণত কাদের মধ্যে বিলি করা হয় ?
ক. উদ্যোক্তাদের মধ্যে✓
খ. পরিচালকের মধ্যে
গ. নিরীক্ষকের মধ্যে
ঘ. কর্মকর্তা কর্মচারীদের মধ্যে

৬। লভ্যাংশ ঘোষণার কত দিনের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে ?
ক. ৫৯ দিন
খ. ৪২ দিন✓
গ. ৭৫ দিন
ঘ. ৯০ দিন

৭। সম্পূর্ণ পরিশোধকৃত শেয়ারের ক্ষেত্রে সর্বপ্রথম কোনটি ইস্যু করা হয় ?
ক. শেয়ার সার্টিফিকেট
খ. ভাউচার
গ. শেয়ার ওয়ারেন্ট✓
ঘ. ঋণপত্র

৮। কোম্পানির মূলধনের পরিমাণ উল্লেখ থাকে কোথায় ?
ক. বিবরণপত্রে
খ. পরিমেলবন্ধে✓
গ. সংঘ বিধিতে
ঘ. পরিমেল নিয়মাবলিতে

৯। যৌথ মূলধনী কোম্পানির কোন দলিল নিবন্ধন বাধ্যতামূলক ?
ক. স্মারকলিপি✓
খ. পরিমেল নিয়মাবলি
গ. বিবরণপত্র
ঘ. কার্যরম্ভের অনুমতি পত্র

১০। বোনাস শেয়ার ইস্যু করা হয় কাকে ?
ক. নতুন জনসাধারণকে
খ. বর্তমান শেয়ার মালিকগণকে✓
গ. উদ্যোক্তাদেরকে
ঘ. অগ্রাধিকার শেয়ার মালিকদেরকে

১১। কোম্পানির অভ্যন্তরীণ ক্রিয়াকলাপের দিকদর্শন হিসেবে ভূমিকা রাখে ?
ক. স্মারক লিপি
খ. পরিমেল নিয়মাবলি✓
গ. বিবরণপত্র
ঘ. নিবন্ধন পত্র

১২। কোম্পানিতে যোগ্যতাসূচক শেয়ার ক্রয় করে কারা ?
ক. শেয়ার হোল্ডারগণ
খ. ডিবেঞ্চার হোল্ডারগণ
গ. পরিচালকগণ✓
ঘ. উদ্যোক্তাগণ

১৩। কোন প্রকারের শেয়ারের ঝুঁকির পরিমাণ বেশি ?
ক. অগ্রাধিকার শেয়ার
খ. পরিবর্তনীয় অগ্রাধিকার শেয়ার
গ. সঞ্চয়ী অগ্রাধিকার শেয়ার
ঘ. সাধারণ শেয়ার✓

১৪। কোম্পানির শেয়ার হোল্ডারদের দায় কেমন ?
ক. অসীম
খ. শেয়ার মূল্য দ্বারা সীমাবদ্ধ✓
গ. আংশিক
ঘ. সামান্য

১৫। স্টক হোল্ডারদের স্বত্ব বলতে কী বোঝায় ?
ক. মালিকের দাবি✓
খ. পাওনাদারের দাবি
গ. কর্মচারীর দাবি
ঘ. সরকারের দাবি

১৬। শেয়ার অবহার কোম্পানির কী ?
ক. মূলধন জাতীয় ক্ষতি✓
খ. মূলধন জাতীয় আয়
গ. মুনাফা জাতীয় আয়
ঘ. মুনাফা জাতীয় ব্যয়

১৭। সুন্দরবন কোম্পানি ২০% অধিহারে শেয়ার ইস্যু করে মোট ২,৪০,০০০ টাকা পেলে, পরিশোধকৃত মূলধনের পরিমাণ কত ?
ক. ৯৯,০০০ টাকা
খ. ১,০০,০০০ টাকা
গ. ১,১০,০০০ টাকা

ঘ. ২,০০,০০০ টাকা ✓
১৮। অসীম দায় সম্পদ কোম্পানি ছাড়া সকল কোম্পানির শেয়ার হোল্ডারদের দায় স্মারকলিপির বর্ণনা অনুযায়ী কিসের দ্বারা সীমাবদ্ধ থাকে?
ক. সম্পত্তির মূল্য দ্বারা
খ. শেয়ার মূল্য দ্বারা✓
গ. বিনিয়োগের মূল্য দ্বারা
ঘ. ঋণের মূল্য দ্বারা
১৯। স্মারকলিপিতে কোন কোন বিষয় উল্লেখ থাকে ?
ক. পরিচালক ও শেয়ার হোল্ডারদের অধিকার
খ. কোম্পানির উদ্দেশ্যসমূহ✓
গ. সভা পরিচালনা পদ্ধতি
ঘ. হিসাবরক্ষণ পদ্ধতি
২০। পরিমেল নিয়মাবলীতে যে মূলধনের কথা উল্লেখ থাকে কি মূলধন বলে ?
ক. অনুমোদিত✓
খ. ইস্যুকৃত
গ. তলবকৃত
ঘ. পরিশোধিত
২১। সর্বপ্রথম কোম্পানি আইন কত সালে প্রবর্তন করা হয় ?
ক. ১৮৪৪ সালে✓
খ. ১৯১৩ সালে
গ. ১৯৪৪ সালে
ঘ. ১৯৬৭ সালে
২২। ১০ টাকার শেয়ার ১২ টাকায় ইস্যু করা হলে মূলধন হিসাবে কত টাকা লিখতে হবে ?
ক. ২ টাকা
খ. ১০ টাকা✓
গ. ১২ টাকা
ঘ. ২২ টাকা
২৩। কোম্পানির সুনাম অর্জন বা বৃদ্ধি পেলে, উক্ত কোম্পানি-
i. বাট্টায় শেয়ার ইস্যু করে
ii. অধিহার শেয়ার ইস্যু করে
iii. সমমূল্যে শেয়ার ইস্যু করে
নিচের কোনটি সঠিক ?
(ক) i (খ) ii✓
(গ) iii (ঘ) i, ii ও iii
২৪। বোনাস শেয়ার ইস্যু করলে কোম্পানির-
i. শেয়ার সংখ্যা বেড়ে যায়
ii. ইসদ তহবিল বেড়ে যায়
iii. সঞ্চিতি তহবিল কমে যায়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৫। প্রাইভেট লিমিটেড কোম্পানির সদস্য সংখ্যা-
i. সর্বনিম্ন ২ জন
ii. সর্বোচ্চ ৫০ জন
iii. শেয়ার দ্বারা সীমাবদ্ধ
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii✓ (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৬। শেয়ারের বৈশিষ্ট্য হচ্ছে-
i. প্রতিটি শেয়ারের আঙ্গিক মূল্য থাকবে
ii. প্রতিটি শেয়ারের একটি ক্রমিক নম্বর থাকবে
iii. শেয়ার হচ্ছে কোম্পানির অস্থাবর সম্পত্তি
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓
২৭। বোনাস শেয়ার ইস্যু করা হয়-
i. নগদ লভ্যাংশের পরিবর্তে
ii. বর্তমান শেয়ার মালিকগণকে
iii. নতুন শেয়ার মালিকগণকে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii✓ (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
নাতাশা কোম্পানি ২০১২ সালের ১ জুন তারিখে গঠিত হয়। কোম্পানির অনুমোদিত মূলধনের পরিমাণ ছিল প্রতিটি ১০০ টাকা মূল্যের ২৫,০০০ শেয়ার। প্রথম বছর কোম্পানি ৭,০০০ শেয়ার মোট ৮,৪০,০০০ টাকায় এবং ৮,০০০ শেয়ার ৬,৮০,০০০ টাকায় বিলি করে। শেয়ার বিলি বাবদ সব টাকা আদায় হয়েছে।
২৮। শেয়ার প্রিমিয়ামের পরিমাণ কত ?
ক. ১,২০,০০০ টাকা
খ. ১,৪০,০০০ টাকা✓
গ. ১,৬০,০০০ টাকা
ঘ. ১,৮০,০০০ টাকা
২৯। শেয়ার অবহারের পরিমাণ কত ?
ক. ১,২০,০০০ টাকা✓
খ. ১,৪০,০০০ টাকা
গ. ২,০০,০০০ টাকা
ঘ. ২,৬০,০০০ টাকা
▶ নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।
ইমরান কোম্পানি লি. ২০১৪ সালের জানুয়ারী ১ তারিখে ১০ টাকা মূল্যের ২,৫০,০০০ শেয়ার নিবন্ধিত হয়। কোম্পানি প্রতি শেয়ারে ১০% অবহারে ১,৫০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য প্রচারপত্র বিলি করেন। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হলো।
৩০। শেয়ার অবহারের পরিমাণ কত ?
ক. ৭০,০০০ টাকা
খ. ১,৫০,০০০ টাকা✓
গ. ২,৫০,০০০ টাকা
ঘ. ৪,০০,০০০ টাকা
৩১। শেয়ার অবহারের ফলে কোম্পানির-
i. চলতি সম্পদ হ্রাস পাবে
ii. মূলধনীয় ক্ষতি বৃদ্ধি পাবে
iii. মালিকানাস্বত্ব প্রভাবিত হবে
নিচের কোনটি সঠিক ?
(ক) i (খ) ii✓
(গ) iii (ঘ) i, ii ও iii

